কুষ্টিয়ায় নিজ বাড়িতে বৃদ্ধার গলা কাটা মরদেহ উদ্ধার

কুষ্টিয়ায় নিজ বাড়িতে বাহারি বেগম (৬৫) নামের এক বৃদ্ধা নারীকে গলাকেটে হত্যার পরে চুরির ঘটনা ঘটেছে।

সোমবার (৮ ডিসেম্বর) বিকেলে কুষ্টিয়া শহরের হরিশংকরপুর এলাকায় এ ঘটনা ঘটে। নিহত বাহারি বেগম ওই এলাকার মৃত আবুল মোল্লার স্ত্রী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, চাকরির সুবাদে ছেলে-মেয়েরা ঢাকায় অবস্থান করায় বাহারি বেগম দীর্ঘদিন ধরে বাড়িতে একাই বসবাস করতেন। সোমবার (৮ ডিসেম্বর) দুপুরের দিকে বাড়ির দরজা খোলা দেখে সন্দেহ হলে এক প্রতিবেশী ভেতরে ঢুকে বিছানার ওপর গলাকাটা অবস্থায় তার মরদেহ দেখতে পান। এ সময় ঘরের বিভিন্ন আসবাবপত্র ও জিনিসপত্র এলোমেলো অবস্থায় পাওয়া যায়।

কুষ্টিয়া মডেল থানার পরিদর্শক (তদন্ত) আব্দুল আজিজ বলেন, ‘হরিশংকরপুর এলাকায় নিজ বাড়ি থেকে বাহারি বেগম নামে এক বৃদ্ধার মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে চুরির উদ্দেশ্যে এ হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। আমরা বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করছি।’